গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

এসআরও নং
২৬৭-আইন/আয়কর/২০১০,
২২৩-আইন/আয়কর/২০১১,
২২২-আইন/আয়কর/২০১২,
১৬০-আইন/আয়কর/২০১৪
দ্বারা এসআরওটি সংশোধিত।

তারিখ: ১৬ আষাঢ় ১৪১৬ বঙ্গাব্দ/ ৩০ জুন ২০০৯ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ১৭১-আইন/২০০৯ I–Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এই বিভাগের ১৯শে ভাদ্র, ১৪০৫বাং/৩রা সেপ্টেম্বর, ১৯৯৮ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও ১৯৯-আইন/৯৮, ১৭ই আষাঢ়, ১৪০৬বাং/১লা জুলাই, ১৯৯৯ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও ১৭৯-আইন/৯৯, ১২ই শ্রাবণ, ১৪০৬বাং/২৭শে জুলাই, ১৯৯৯ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও ২২১-আইন/৯৯, ১৯শে আষাঢ় এবং ১৪০৭বাং/৩রা জুলাই, ২০০০ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও ২০২-আইন/২০০০ এবং ৩০ জুন ২০০৮ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও ২০৪-আইন/২০০৮ রহিতক্রমে, বাস, মিনিবাস, কোস্টার, ট্যাক্সিক্যাব, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংক-লরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা হইতে কোন করদাতার অর্জিত সম্পূর্ণ আয়কে নিম্নবর্ণিত শর্তাধীনে এতদ্দ্বারা আয়কর প্রদান করা হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

(১) যদি উক্ত করদাতা উক্তরূপ বাস, মিনিবাস, কোস্টার, ট্যাক্সিক্যাব, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংক-লরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা এর মালিক হন এবং উহার রেজিস্ট্রেশনের তারিখ হইতে দশ বৎসর অতিক্রান্ত না হইয়া থাকে, তাহা হইলে, তাহাকে নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে, যথা:-

	প্রদেয় আয়কর
(ক) ৫২ সিটের অধিক আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য	- টাকা ৭,০০০.০০
(খ) ৫২ সিট বা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য	- টাকা ৫,০০০.০০
(গ) তাপানুকূল লাক্সারী বাস ও দোতলা বাস প্রতিটি বাসের জন্য	- টাকা ১০,০০০.০০
(ঘ) তাপানুকূল মিনিবাস কোস্টার প্রতিটির জন্য	- টাকা ৫,০০০.০০
(ঙ) অন্যান্য মিনিবাস/ কোস্টার প্রতিটির জন্য	- টাকা ৪,০০০.০০
(চ) কন্‌টেইনার পরিবহনে ব্যবহৃত প্রাইমমুভার প্রতিটির জন্য	- টাকা ৭,০০০.০০
(ছ) পাঁচ টনের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য	- টাকা ৫,০০০.০০

S.R.O. No. 171/2009 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
Scanned by CamScanner

(জ) দেড়টনের বেশী কিন্তু পাঁচ টনের বেশী নহে এইরূপ ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য - টাকা ৩,০০০.০০

(ঝ) দেড় টন বা উহার কম ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক, পিক-আপ, সকল ধরনের হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা বা মাল বহনকারী প্রতিটির জন্য - টাকা ১,০০০.০০

(ঞ) শীতাতপ নিয়ন্ত্রিত প্রতিটি ট্যাক্সিক্যাবের জন্য - টাকা ৩,৫০০.০০

(ট) শীতাতপ নিয়ন্ত্রিত নয় এইরূপ প্রতিটি ট্যাক্সিক্যাবের জন্য - টাকা ২,৫০০.০০

(২) যদি উক্ত করদাতা এইরূপ বাস, মিনিবাস, কোস্টার, ট্যাক্সিক্যাব, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংক-লরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা এর মালিক হন এবং উহার রেজিস্ট্রেশনের তারিখ হইতে দশ বৎসর অতিক্রান্ত হয়, তাহা হইলে, তাহাকে নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে, যথা:-

	প্রদেয় আয়কর
(ক) ৫২ সিটের অধিক আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য	- টাকা ৩,৫০০.০০
(খ) ৫২ সিট বা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য	- টাকা ২,৫০০.০০
(গ) তাপানুকূল লাক্সারী বাস ও দোতলা বাস প্রতিটি বাসের জন্য	- টাকা ৫,০০০.০০
(ঘ) তাপানুকূল মিনিবাস কোস্টার প্রতিটির জন্য	- টাকা ৩,০০০.০০
(ঙ) অন্যান্য মিনিবাস/ কোস্টার প্রতিটির জন্য	- টাকা ২,০০০.০০
(চ) কন্‌টেইনার পরিবহনে ব্যবহৃত প্রাইমমুভার প্রতিটির জন্য	- টাকা ৪,০০০.০০
(ছ) পাঁচ টনের অধিক ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য	- টাকা ৩,০০০.০০
(জ) দেড় টনের বেশী কিন্তু পাঁচ টনের বেশী নহে এইরূপ ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য	- টাকা ১,৫০০.০০
(ঝ) দেড় টন বা উহার কম ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক, পিক-আপ, সকল ধরনের হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা বা মাল বহনকারী প্রতিটির জন্য	- টাকা ৫০০.০০
(ঞ) শীতাতপ নিয়ন্ত্রিত প্রতিটি ট্যাক্সিক্যাবের জন্য	- টাকা ১,৫০০.০০
(ট) শীতাতপ নিয়ন্ত্রিত নয় এইরূপ প্রতিটি ট্যাক্সিক্যাবের জন্য	- টাকা ১,০০০.০০

(৩) দফা (১) এ বর্ণিত যানবাহনের ক্ষেত্রে উক্ত দফায় নির্ধারিত আয়করের পরিমাণের শতকরা দুই শত ভাগ আয়কর উক্ত যানবাহন রেজিস্ট্রেশনের সময় পরিশোধ করার শর্তে উক্ত যানবাহনে বিনিয়োগকৃত অর্থ করমুক্ত থাকিবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
S.R.O. No. 171/2009 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
Scanned by CamScanner

(৪) দফা (১), (২) ও (৩) এর অধীন প্রদেয় আয়কর সংশ্লিষ্ট কর সার্কেলের উপ-কর কমিশনার এর বরাবর ইস্যুকৃত কোন তফসিলি ব্যাংকের ব্যাংক ড্রাফট্ বা পে-অর্ডারের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করিতে হইবে।

(৫) বাস, মিনিবাস, কোস্টার, ট্যাক্সিক্যাব, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংক-লরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা এর ফিট্নেস নবায়নের তারিখ উত্তীর্ণ হইবার পূর্বে দফা (১) ও (২) এ বর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে।

(৬) এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত হারে নির্দিষ্ট খাতে আয়কর জমা প্রদানের চালান অথবা ব্যাংক ড্রাফট্ বা পে-অর্ডার উপস্থাপন বা জমা প্রদান না করা পর্যন্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সংশ্লিষ্ট যানবাহনের রেজিস্ট্রেশন প্রদান করিবে না অথবা, ক্ষেত্রমত, ফিটনেস নবায়ন করিবে না।

(৭) এই প্রজ্ঞাপনের অধীন আয়কর প্রদানকারীর বাস, মিনিবাস, কোস্টার, ট্যাক্সিক্যাব, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংক-লরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা হইতে অর্জিত আয় প্রদত্ত আয়করের অনুপাতে তাহার আয়কর রিটার্নে অন্তর্ভুক্ত করা যাইবে, তবে এই খাত হইতে রিটার্নে প্রদর্শিত আয়ের পরিমাণ প্রদত্ত আয়করের অনুপাতে নিরূপিত আয়ের চেয়ে বেশী হইলে অতিরিক্ত আয়ের জন্য সিডিউলে বর্ণিত হারে কর প্রদান করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
(পারসা বেগম)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Scanned by CamScanner